

টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড

টঙ্গী, গাজীপুর-১৭১০

কোটেশন নম্বরঃ ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.১৭.২৬.০০১

তারিখঃ ১৪-১০-২০২৬খ্রিঃ

বিষয়ঃ “টেশিস এর লগো সম্বলিত -২০২৬খ্রিঃ এর এজিএম এর জন্য ডায়েরী কলম,গিফট ব্যাগ ও লিফলেট সংগ্রহের লক্ষে RFQ” দরপত্র।

প্রতি,

১. টেলিফোন শিল্প সংস্থা লিঃ(টেশিস) , টঙ্গী, গাজীপুর-১৭১০ বর্ণিত মালামাল ক্রয় করতে আগ্রহী এবং এর জন্য নিজস্ব তহবিল হতে বরাদ্দ রয়েছে। টেশিস জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করতে ইচ্ছুক।
২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
৩. কোটেশন দলিল’ ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।
৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।
৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
৬. সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে [১৯/১০/২০২৬ খ্রিঃ বিকাল ২.০০ ঘটিকা]-এ বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে “টেশিস এর লগো সম্বলিত -২০২৬খ্রিঃ এর এজিএম এর জন্য ডায়েরী কলম,গিফট ব্যাগ ও লিফলেট সংগ্রহের” কোটেশন এবং [১৯/১০/২০২৬ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা]-এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৭. ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।
৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।
৯. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।
১০. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে

১২. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর, এনআইডি এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন বিবেচনা করা হবে।
১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
১৫. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।
১৬. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

Emhed Hossain
28.10.2024

(এরশাদ হোসেন)

উপ-মহাব্যবস্থাপক(সংগ্রহ ও ক্রয়)

তারিখ: ১৪.১০.২০২৬ খ্রিঃ

ঠিকানা: টেশিস মূল ভবন (৩য় তলা), টেলিফোন শিল্প সংস্থা লিঃ(টেশিস), টঙ্গী, গাজীপুর-১৭১০

ফোন নম্বর: ০১৫৩৩২৯৬১৩৭

ই-মেইল- info@tss.com.bd

সংযুক্তিঃ আরএফকিউ দলিল

বিতরণ:

- ১। সহঃ প্রোগ্রামার(সফটওয়্যার ও অ্যাপস), টেশিস। (ওয়েবসাইটে পোস্ট করার জন্য)।
- ২। দাপ্তরিক নথি।
- ৩। সরবরাহকারী বিভিন্ন প্রতিষ্ঠান।



টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড,
টংগী, গাজীপুর-১৭১০।

কোটেশনের মাধ্যমে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের আদর্শ দলিল
(এসআরএফকিউ)
[অভ্যন্তরীণ ক্রয়]

“টেলিস এর লগো সম্বলিত -২০২৬খ্রিঃ এর এজিএম এর জন্য
ডায়েরী কলম, গিফট ব্যাগ ও লিফলেট সংগ্রহের লক্ষ্যে RFQ” দরপত্র।

কোটেশন নাম্বারঃ ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.১৭.২৬.০০১

তারিখঃ ১৪-১০-২০২৬খ্রিঃ

পিজি ১ (এসআরএফকিউ)

কোটেশন দাখিল পত্র
[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশন নাম্বারঃ ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.১৭.২৬.০০১

তারিখঃ ১৪-১০-২০২৬খ্রিঃ

প্রতি

উপ-মহাব্যবস্থাপক (সংগ্রহ ও ক্রয়)

টেলিস মূল ভবন (৩য় তলা), টেলিফোন শিল্প সংস্থা লিঃ,

টঙ্গী, গাজীপুর-১৭১০।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে টেলিস এর লগো সম্বলিত-২০২৬খ্রিঃ এর এজিএম এর জন্য ডায়েরী কলম, গিফট ব্যাগ ও লিফলেট সংগ্রহের সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ভ্যাট আইটি সহ []

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তি মূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনার জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা [] তারিখে আপনার জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।



Enclat Hossain

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসীল

কোটেশন নাম্বারঃ ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.১৭.২৬.০০১

তারিখঃ ১৪-১০-২০২৬খ্রিঃ

ক্রমিক নম্বর	মডেল	আইটেমের বিবরণ	পরিমাণের একক	পরিমাণ	একক দর/মূল্য		মোট মূল্য	পণ্য সরবরাহের গন্তব্যস্থান
					অংকে	কথায়	অংকে/ কথায়	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১		ডায়েরী	পিস	২০০				
২		ব্যাগ	পিস	২০০				
৩		লিফলেট	পিস	১০০০				
৪		ভিআইপি কলম (বক্স সহ)	পিস	২০০				

সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য
(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)

অংকে

কথায়

পণ্য প্রেরণের ঠিকানা	টেলিফোন শিল্প সংস্থা লিঃ, টংগী, গাজীপুর-১৭১০।
মোট মূল্য টাকায় (কথায়) (ভ্যাট ও আইটি সহ)	
প্রস্তাবিত সরবরাহ	
প্রদত্ত ওয়ারেন্টি (warranty)	

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফসীলের তফসীলে [---- -] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে।
আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	তারিখ: দিন/মাস/বছর
কোটেশনদাতার নাম	

টীকা:

১। কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। পণ্যের দর বা মূল্যে টেনিসের গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোত্তমভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধিতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভুক্ত থাকবে।



Carbet Hossain

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

ক্রমিক নম্বর	মডেল	আইটেমের বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান	উৎস দেশের নাম	তৈরী রং মডেল (make and model)
১	২	৩	৪	৫	৬
০১		ডায়েরী	১০০ জিএসএম পেপার		
			সাইজ- ৮.৫"X ৫.৫"		
			পৃষ্ঠা সংখ্যা ২০০টি।		
			আর্টিফিসিয়াল রেব্রিন স্ক্রিন প্রিন্ট লগো।		
			কালার-ওয়ান কালার		
			কালার বক্স ম্যাট লেমিনেশন সহ।		
			এক কালার প্রিন্ট ইনার পেজ।		
			৪ কালার ৮ পৃষ্ঠা।		
			৩০০গ্রাম সুইডিস ৪ কালার।		
			নীল কালারের লেদার কভার।		
			লগো ৪ কালার		
২		গিফট ব্যাগ	৩০০ জিএসএম পেপার।		
			সাইজ- ৯.৫"X ১২.৫"X৪"		
			কালার-৪ কালার ম্যাট লেমিনেশন সহ।		
৩		লিফলেট	সুইডিস বোর্ড		
			১২০ জিএসএম আর্ট পেপার A4 সাইজ।		
			৪ কালার।		
			উভয় সাইড প্রিন্ট		
৪		ডি-আইপি কলম	ডিআইপি কলম		
			ইউভি প্রিন্ট কোম্পানি নাম ও লগো সহ।		
			বক্স- ৪ কালার এর		

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লিখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	তারিখ: দিন/মাস/বছর
কোটেশনদাতার নাম	

টীকা:

১. কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) টেনিসের প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত

Bankot Hamein



পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ
[সরবরাহের সংক্ষিপ্ত নাম লিখুন]

ক্রয় আদেশ নম্বর _____

তারিখ:

কোটেশন নাম্বারঃ ১৪.৩৬.০০০০.০৩৪.০০৭.১৭.২৬.০০১	তারিখঃ ১৪-১০-২০২৬খ্রিঃ
প্রতি: [সরবরাহকারীর নাম ও ঠিকানা]	
সরবরাহের তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন]	ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন]
সরবরাহ : শর্তানুযায়ী	

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার [তারিখ উল্লেখ করুন] তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

ক্রয়াদেশকৃত পণ্যসমূহ
পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফসীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।
ক্রেতার জন্য:
নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর
তারিখ

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক

Sanjit Hossain

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী টেন্ডার এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।
২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।
৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ৬০(ষাট) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোত্তমভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।
৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফসীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।
৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় টেন্ডার বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।
৬. টেন্ডার কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।
৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, টেন্ডার সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।
৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।
৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলিত তফসীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।
১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১১. মোট চুক্তি মূল্য টাকা [...]
১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং টেন্ডার কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ []।
১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ৮০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।
১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় টেন্ডারকে কোনো দাবি, তার নিজে, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে টেন্ডারকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।
১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।
১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।
১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিমাণ এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
১৮. টেন্ডার প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

Enlight Hossain

১৯. টেশিস সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকাণ্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভূত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য টেশিস এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

টেশিসের জন্য	সরবরাহকারীর জন্য
নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর	নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর
তারিখ	তারিখ

Enhor-Honcar